# উপজেলা পরিষদ
## ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী

উপদেষ্টা ঃ **জনাব হাবিবুর রহমান**
মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩

সভাপতি ঃ **জনাব মোঃ নূরুল ইসলাম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা হলরুম, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ১০-০২-২০২২ খ্রি. সকাল : ১০.০০ টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

**আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, গত জানুয়ারি/২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর অত্র কার্যবিবরণী আংশিক সংশোধনী সুপারিশসহ কার্যবিবরণী অনুমোদিত হয়। | আংশিক সংশোধনসহ বিগত জানুয়ারি/২০২২ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট। |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি। |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর। |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, করোনা রোগীদের জন্য ১০ শয্যা আইসোলেশন বেড প্রস্তুত রয়েছে। এছাড়া পর্যাপ্ত করোনা ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। তিনি জানান এ পর্যন্ত ১ম ডোজ হিসাবে ৭০ হাজার ভ্যাক্সিন প্রদান করা হয়েছে ও ২য় ডোজ হিসাবে ৬৩ হাজার ভ্যাক্সিন প্রদান করা হয়েছে এবং ৩য় ডোজ হিসাবে ১ হাজার ৬ শত ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। তিনি বলেন ফেঞ্চুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ পর্যন্ত প্রায় ৭২% ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। ১২-১৮ বছর বয়সী কওমী মাদ্রাসার ছাত্রছাত্রী ও সাধারণ জনগণের মধ্যে ভ্যাক্সিন প্রদান করা হচ্ছে। ভ্যাক্সিন বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন এ উপজেলায় প্রায় ১,৪০০ জন প্রতিবন্ধী রয়েছে তাদেরকে ভ্যাক্সিন প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং এ উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী, সাধারণ জনগণ ও প্রতিবন্ধীসহ সকলকে ভ্যাক্সিন প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জনাব আব্দুল মুকিত, সহকারী পরিকল্পনা অফিসার সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরনে বিভাগীয় অফিস ও মাঠ পর্যায়ের কার্যক্রম অব্যাহত আছে। জানুয়ারি/২২ পর্যন্ত পরিবার পরিকল্পনা গ্রহণকারী হার ৭৪.১৫% তাছাড়া মাইজগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্বাভাবিক প্রসব সেবা চলমান কেন্দ্রে জানুয়ারি মাসে ৪টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছেএছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৫০০০ মে: টন অর্জিত হয়েছে। এ বছরের তুলনায় সরিষা ও অন্যান্য রবি ফসলের আবাদ বহুগুনে বেড়েছে। তরমুজ, গম, ভুট্টার আবাদ সূচিত হয়েছে। এছাড়া স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |

চলমানপাতা -০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসারের প্রতিনিধি ডা: জামিল আহমেদ, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়ন করা হচ্ছে। নিয়মিত উঠান বৈঠক, টিকাদান ও কৃমিনাশক বিতরণ করা হচ্ছে। তিনি আরো জানান আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. প্রাণিসম্পদ প্রদর্শণী অনুষ্ঠিত হবে এতে সকলে সহযোগিতার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান জাতীয় মৎস্য পদক, ২০২২ খ্রি. এর প্রার্থী মনোনয়ন প্রস্তাব আহ্বান করা হয়েছে। আগামী ১৩/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপজেলা মৎস্য অফিসের নিকট তা দাখিল করার জন্য অনুরোধ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় ০৩ টি ব্যাচের মৎস্য চাষিদের প্রশিক্ষণ সম্পন্ন রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ০২টি বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়নের জন্য অত্র ফেঞ্চুগঞ্জ উপজেলায় মোট ৬০,০০০/-(ষাট হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে এককালীন অনুদান বিতরণের লক্ষ্যে MIS Data এন্ট্রির কাজ চলছে। ২০২১-২২ .অর্থ বছরে ৩টি আবাসন নির্মাণ কাজ শেষ হয়েছে। এছাড়া তিনি উত্থাপন করেন উপজেলা বিআরডিবি অফিসের পাশে খালি দুটি কক্ষ রয়েছে সেখানে উপজেলায় কর্মকর্তা ও কর্মচারীদের খাবারের সুবিধার্থে ক্যান্টিন করা হলে কর্মকর্তা ও কর্মচারীগণ খুবই উপকৃত হবে বলে উত্থাপন করেন। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং কর্মকর্তা ও কর্মচারীগণের সুবিধার্থে উক্ত স্থানে ক্যান্টিনের ব্যবস্থার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান প্রাথমিক শিক্ষা অফিসের কাজ চলমান রয়েছে। ওমিক্রন জনিত কারণে প্রাথমিক বিদ্যালয়ের পাঠাদান বন্ধ রয়েছে। অত্র উপজেলায় ১১টি সাব ক্লাস্টার ভাগ করে অনলাইনে রুটিন মোতাবেক পাঠদান চলছে। শিক্ষকগণ মোবাইল ফোনে হোম ভিজিটের মাধ্যমে শিশুদের সাথে যোগাযোগ করছেন। শিশুদের ভর্তি কার্যক্রম ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। তিনি আরোও জানান চন্দ্রী প্রসাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণির ছাত্র দেবজ্যোতি দাশ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতায় জেলা পর্যায়ে অংশগ্রহণ করে সিলেট জেলায় দ্বিতীয় স্থান অর্জন করেছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতায় সিলেট জেলায় দ্বিতীয় স্থান অর্জন করায় সভায় তাকে অভিনন্দন জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় পরিচালিত ০৫টি ক্লাবে জানুয়ারি-২২ তারিখ হতে নতুন সদস্য অর্ন্তভুক্তির কাজ শেষ হয়েছে। গান ও আবৃত্তি শিক্ষকের পাশাপাশি ক্যারাটে প্রশিক্ষক নিয়োগপ্রাপ্ত হয়েছে। যিনি ছাত্রছাত্রীদের ক্যারাট শিখাবেন। হস্তশিল্প ও শতরঞ্জি ট্রেডে(আইজিএ প্রকল্প) জানুয়ারি-২২ হইতে প্রশক্ষণ শুরু হয়েছে। বর্তমানে আইজিএ প্রকল্পের আওতায় ৫০জন প্রশক্ষার্থী নিয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, দপ্তরের ঋণ কার্যক্রমের বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরেনঃ<br>১। মূল ঋণ তহবিল ২৬৬৮৮০০/-টাকা,<br>২। মোট ঋণ তহবিল ৫০৮০৭১৭/২৫ টাকা,<br>৩। মোট ঋণ বিতরণ ২১৬৩৯০০০/- ৪। মোট ঋণ আদায়যোগ্য ২০৮৪২২৯৬/-<br>৫। মোট ঋণ আদায় কৃত ১৭৪০৭১৮৯/-, ৬। মোট ঋণ খেলাপী ২৬৬৫৮৫০/-,<br>৭। মোট কিস্তি খেলাপী ৭৯৯২৫৭/-, ৮। আদায়ের হার ৮৩.৫১% ৯। মোট ঋণ সংখ্যা ৮২২টি, ১০। মোট ঋণীর সংখ্যা বর্তমানে ২৫৮ জন, ১১। মোট প্রশিক্ষণ প্রাপ্ত ৮২৭০ জন, ১২। মোট আত্মকর্মী ৪২৬৯ জন, ১৩। ব্যাংক স্থিতি ৮০৫৯৪৪/০৩ তিনি আরোও জানান যে, যুব প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২২ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা তার দপ্তরের নভেম্বর ২০২২ মাসের বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম নিম্নে উপস্থাপন করা হলোঃ<br>১। ক্ষুদ্র ঋণ বিতরণ ৬৭.৩০<br>২। নারী উদ্যোক্তা ঋণ বিতরণ ৭০.৫০<br>৩। স্মল এন্টার প্রাইজ ঋণ: ৬৬.০০ লক্ষ<br>৪। কোভিড-১৯ প্রণোদনা ঋণ ৭.০০ লক্ষ<br>৫। সঞ্চয় আমানত ১১৫.০৬ লক্ষ<br>৬। মোট সদস্য সংখ্যা ১৩৯৫ জন<br>৭। আদায় হার ৯৬%<br>স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে সকল কাজ করা হচ্ছে এবং সদ্যদের মাঝে মাস্ক ও সেনিটাইজার ও সাবান বিতরণ করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৩ | বিবিধ-০১ | <u>সংশোধনক্রমে ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ভূমি সংক্রান্তঃ</u> জনাব মোহাম্মদ এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি সভায় জানান, গত জানুয়ারি ২০২১ মাসের মাসিক সভায় সিদ্ধান্ত সংশোধনক্রমে পুণরায় ভূমির তপশীলসহ উত্থাপন করা হলো। ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদের স্থায়ী ভবন নির্মাণের জন্য ৫নং ওয়ার্ডের সুলতানপুর। মল্লিকপুর ও মানিককোনা রাস্তার পাশে ইউনিয়ন পরিষদের নামে ভূমি ক্রয় করার জন্য আর্থিক সহযোগিতায় জনাব মোহাম্মদ এমরান উদ্দিন, চেয়ারম্যান ও স্থানীয় প্রবাসী ও দানশীল ব্যক্তিবর্গের অর্থায়নে উক্ত ইউপির ভূমি ক্রয় করার জন্য গত ৭/১২/২০২১ তারিখে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় সিদ্ধান্ত হয়।<br>**ভূমির তপশীলঃ** মৌজা: সুলতানপুর জেলএল নং ২৫, খতিয়ান নং এস,এ ২৩৩, ৩৭৭ ও ১৬৩/৪৩ বিএস বুজারত ৮৩৩, ৮৮৮,৮৮৯ বিএসডিপি ২৩৩,৪০৩,৩৭৭, বিএস ছাপা ১৭০ নামজারি ৯৯৪ ও ৮৮৬ দাগ নং- ১৪৭৩, ১৪৭৫ ও ১৪৭৮ মোট ০.২৮ একর আটাশ শতক শাইল রকম ভূমি। | ইউনিয়ন পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত তপশীল বর্ণিত জায়গা ক্রয় করে ইউনিয়ন পরিষদের নামে ভূমি রেজিস্ট্রেশন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি ও সংশ্লিষ্ট ইউপি সদস্যগণ |
| | বিবিধ-০২ | <u>**হাট বাজার ইজারাঃ**</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন ০৭টি বাজার ১৪২৯ বাংলা সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে যথারীতি জাতীয় পত্রিকা ও স্থানীয় পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত পত্রিকাগুলো হলো : ১। দৈনিক সমকাল ৬২,১০০/-(বাষট্টি হাজার একশত টাকা) এবং ২। দৈনিক সিলেটের ডাক পত্রিকা বিল বাবদ ১৯,৬৮৮/-(উনিশ হাজার ছয়শত আটাশি) টাকার বিল দাখিল করেছেন। উক্ত বিল প্রদানের জন্য সভায় উত্থাপন করেন। | উপজেলা রাজস্ব তহবিল হতে পত্রিকা বিল প্রদানের জন্য সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ-০৩ | <u>**উপজেলা হলরুমে ইলেকট্রিক মেরামত সংক্রান্তঃ**</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের হলরুমের ইলেকট্রিক বোর্ডে সুইচ ও হোল্ডার নষ্ট হওয়ায় জরুরি ভিত্তিতে তা ক্রয় করে মেরামত করা হয়। মালামাল ক্রয় এবং মজুরি বাবদ ১,৪৫০/-(এক হাজার চারশত পঞ্চাশ) টাকা পাওয়ার জন্য জনাব হীরা আহমদ, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ বিল পরিশোধের জন্য আবেদন দাখিল করেন। | সভায় আলোচনান্তে উক্ত বিল পরিশোধের নিমিত্তে আবেদনকারীর নামে চেক প্রদানে জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ-০৪ | **জাতীয় দিবসের বিল সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী জাতীয় দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে সে মোতাবেক ফেঞ্চুগঞ্জ উপজেলায় ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২২ উদ্‌যাপন সুন্দর ও সুষ্ঠুভাবে পালন করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন এবং আলোকসজ্জা, সাংস্কৃতিক অনুষ্ঠান, আপ্যায়ন এবং অন্যান্য অনুষ্ঠানসমূহ জাঁকজমকপূর্ণভাবে পালনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ) টাকা অগ্রিম উত্তোলণ করা প্রয়োজন এবং পরবর্তীতে বিলভাউচার সমন্বয় করা হবে বলে সভায় আলোচনা করেন। আলোচনান্তে অনুষ্ঠান সুন্দর ও সুষ্ঠুভাবে পালনের জন্য সবাই একমত পোষন করেন। | ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২২ উদ্‌যাপন এর ব্যয় লক্ষ্যে অগ্রিম উত্তোলণ বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা জনাব সৌরভ চৌধুরী সৈকত, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ এর নামে চেক প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার |

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি ২০২১-২২ অর্থ বছরের উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্পসমূহ দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা বাস্তবায়ন করার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/2/2022

মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎ ০১৭১১৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব লেইছ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব রাখী আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব ডাঃ কামরুজ্জামান উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জনাব ডাঃ জামিল আহমেদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জনাব আব্দুল মুকিত, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশলী এলজিইডি,পক্ষে প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব মোঃ আবু ছাইদ মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি জনাব সীমা সরকার, একাডেমীক সুপার ভাইজার, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব মোঃ আব্দুল মুমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ এর পক্ষে প্রতিনিধি |
| ১২ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৩ | জনাব কাজী রিয়েল, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |
| ১৪ | জনাব জেসমিন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৫ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৬ | জনাব মোঃ ইকবাল হোসেন, |

সভায় জনপ্রতিনিধিদের অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব সুফিয়ানুল করিম চৌধুরী, ২নং মাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব মোঃ বদরুদ্দোজা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা, ইউপি |

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |
| ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | পল্লী সঞ্চয় ব্যাংক |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২১- ২৮৭ তারিখ ঃ ২২-০২-২০২২খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা............................................ অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ................................................, সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

22.2.22

রাখী আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০২৯৯-৬৬৪৬৭৭০
০১৭৩০৩৩১০৩৪

## উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২২ মাসের সাধারণ সভার উপস্থিতির তালিকা

**সভাপতিঃ জনাব মোঃ নূরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।**

তারিখঃ ১০-০২-২০২২ সময়ঃ সকাল ১০:০০টা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব হাবিবুর রহমান | মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা | |
| ০২ | জনাব রাখী আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার | |
| ০৩ | জনাব মোঃ জাহিরুল ইসলাম | ভাইস চেয়ারম্যান | |
| ০৪ | জনাব মোহিনী বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | |
| ০৫ | জনাব মোঃ বদরুদোজ্জা | চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ, ইউপি | |
| ০৬ | জনাব ছুফিয়ানুল করিম চৌধুরী | চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি | |
| ০৭ | জনাব লেইছ চৌধুরী | চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি | |
| ০৮ | জনাব আহমদ জিলু | চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি | |
| ০৯ | জনাব মোহাম্মদ এমরান উদ্দিন | চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি | |
| ১০ | ডাঃ কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ১১ | ডাঃ ইউকে সিনহা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ১২ | জনাব সুব্রত দেবনাথ | উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| ১৩ | ডাঃ এ,কে,এম, মিজানুর রহমান | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ১৪ | জনাব সুদর্শন সরকার | উপজেলা প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ | Rashed |
| ১৫ | জনাব বাঁধন কান্তি সরকার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ১৬ | জনাব মোঃ আবু ছাইদ মিয়া | উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| ১৭ | জনাব মোঃ শফিক উদ্দিন | উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| ১৮ | জনাব সৈয়দ নূরুল হুদা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| ১৯ | জনাব আব্দুল মুমিন | উপজেলা মৎস্য কর্মকর্তা (চঃদাঃ), ফেঞ্চুগঞ্জ | |
| ২০ | জনাব কাজী রিয়েল | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, ফেঞ্চুগঞ্জ | |
| ২১ | জনাব জেসমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ২২ | জনাব আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ২৩ | জনাব আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ২৪ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম | উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ২৫ | জনাব মোঃ আক্তারুল হক চৌঃ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র, ফেঞ্চুগঞ্জ | |
| ২৬ | জনাব | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ | |
| ২৭ | জনাব মোঃ ইকবাল হোসেন | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ২৮ | জনাব নিজামুল হক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ২৯ | | | |
| ৩০ | | | |
| | | | |